



## বাজেট ২০২৫ - ২৬ : শিক্ষা ও কর্মসংস্থান

### সেন্টার অন বাজেট এন্ড পলিসি, ঢাকা বিশ্ববিদ্যালয়

।। ২২ জুন, ২০২৫ ।।

#### প্রেস বিজ্ঞপ্তি

এবারের ২০২৫-২৬ অর্থবছরের বাজেট নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত গবেষণা প্রতিষ্ঠান "সেন্টার অন বাজেট এন্ড পলিসি" ২৪ জুন, ২০২৫ তারিখে সকাল ১০:০০ ঘটিকায়, সামাজিক বিজ্ঞান অনুষদের অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে "বাজেট ২০২৫-২৬ : শিক্ষা ও কর্মসংস্থান" শীর্ষক সংলাপ এর আয়োজন করবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় শিক্ষা উপদেষ্টা ড. চৌধুরী রফিকুল আবরার।

অনুষ্ঠানটি উদ্বোধন করবেন ঢাকা বিশ্ববিদ্যালয় এর মাননীয় উপাচার্য ড. নিয়াজ আহমেদ খান। আলোচনায় সভাপতিত্ব করবেন ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী, চেয়ারম্যান, সেন্টার অন বাজেট এন্ড পলিসি ও কোষাধ্যক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ড. সায়েমা হক বিদিশা, প্রো-ভিসি (প্রশাসন), ঢাকা বিশ্ববিদ্যালয়, ড. এ কে এনামুল হক, মহাপরিচালক, বিআইডিএস এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. তৈয়েবুর রাহমান।

উক্ত সভায় স্বাগত বক্তব্য রাখবেন ড. নাসিম সুলতানা, চেয়ারম্যান, উন্নয়ন অধ্যয়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। প্যানেল আলোচক হিসেবে থাকবেন ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর, অধ্যাপক, উন্নয়ন অধ্যয়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ড. এম এ রাজ্জাক, অ্যাডজাংক্ট অধ্যাপক, উন্নয়ন অধ্যয়ন বিভাগ ও প্রাক্তন শিক্ষক, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

মূল প্রবন্ধ উপস্থাপন করবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন অধ্যয়ন বিভাগের অধ্যাপক ও সেন্টার অন বাজেট এন্ড পলিসি-এর পরিচালক ড. এম. আবু ইউসুফ।

উক্ত আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হচ্ছে।

ধন্যবাদান্তে,

অধ্যাপক ড. এম. আবু ইউসুফ

পরিচালক, সেন্টার অন বাজেট এন্ড পলিসি